গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মৌলভীবাজার
www.dpe.moulvibazar.gov.bd

তারিখ ঃ ০৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং ঃ ৩৮.০১.৫৮০০.০০০.১১.০২৪.২৩-২৩০৬

নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৩ এর ১ম গ্রুপের (রংপুর, বরিশাল ও সিলেট বিভাগ) অপেক্ষমান তালিকা থেকে নিয়োগের লক্ষ্যে কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	রোল নম্বর	উপজেলাভিত্তিক মেধাক্রম	নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১	৫৫১৭৩২৭	২২	জনাব টুটুল পাল পিতা ঃ গোপাল পাল মাতা ঃ প্রনতি পাল	গ্রাম ঃ লক্ষীপুর ডাক ঃ চৈত্রঘাট উপজেলা ঃ কমলগঞ্জ জেলা ঃ মৌলভীবাজার।	গ্রাম ঃ লক্ষীপুর ডাক ঃ চৈত্রঘাট উপজেলা ঃ কমলগঞ্জ জেলা ঃ মৌলভীবাজার।
২	৫৫১২০৯২	২৩	জনাব সুমিতা দেবী পিতা ঃ কমল সিংহ মাতা ঃ সুচিত্রা দেবী	গ্রাম ঃ নয়াপত্তন ডাক ঃ আদমপুর বাজার উপজেলা ঃ কমলগঞ্জ জেলা ঃ মৌলভীবাজার।	গ্রাম ঃ নয়াপত্তন ডাক ঃ আদমপুর বাজার উপজেলা ঃ কমলগঞ্জ জেলা ঃ মৌলভীবাজার।
৩	৫৫১০৬৮৪	২৪	জনাব ফারিয়া জাহান পিতা ঃ এনাম উদ্দিন মাতা ঃ নুরজাহান	গ্রাম ঃ কোনাগাঁও ডাক ঃ আদমপুর বাজার উপজেলা ঃ কমলগঞ্জ জেলা ঃ মৌলভীবাজার।	গ্রাম ঃ কোনাগাঁও ডাক ঃ আদমপুর বাজার উপজেলা ঃ কমলগঞ্জ জেলা ঃ মৌলভীবাজার।

২। (ক) যোগদানের তারিখ থেকে ২ (দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;
(খ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকের সন্তোষজনক পুলিশ প্রতিবেদন (Verification Report) পাওয়া না গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগাদেশ সরাসরি বাতিল বলে গণ্য হবে;
(গ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরনের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;
(ঘ) সহকারী শিক্ষক নিয়োগ উপজেলা কোটার ভিত্তিতে হয়েছে, বিধায় উপজেলার বাহিরে বদলির আবেদন করা যাবে না;
(ঙ) শিক্ষানবিশকালে কোন ধরণের বদলির আবেদন করা যাবে না;
(চ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
(ছ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;
(জ) নিয়োগপ্রাপ্ত শিক্ষককে যোগদানের পর অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
(ঞ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে।

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ** মঙ্গলবার পূর্বাহ্নে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ 'বেতন-ভাতাদি প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন;

৬। **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের** জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির **স্মারক নং** ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩-৭৫, তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০২৩ অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।

(মোঃ সফিউল আলম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মৌলভীবাজার
☎ ০২৯৯৬৬৮৩৩০০
ই-মেইল: dpeomoulv@gmail.com

স্মারক নং ঃ ৩৮.০১.৫৮০০.০০০.১১.০২৪.২৩-২৩০৬(১৫)

তারিখ ঃ ০৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৪. উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট বিভাগ, সিলেট।
৭. চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৯. পুলিশ সুপার (বিশেষ), মৌলভীবাজার।
১০. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।
১১. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
১২. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
১৩. জনাব... প্রযত্নে ....

গ্রাম/মহল্লা .... ডাকঘর/পোস্ট.................কোড.............উপজেলা............জেলা................।

১৪. সংরক্ষণ নথি।

(মোঃ সফিউল আলম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মৌলভীবাজার
☎ ০২৯৯৬৬৮৩৩০০
ই-মেইল dpeomoulv@gmail.com